ভোরের কাগজ

তারিখ APR 9 1999
পৃষ্ঠা 2 কলাম 9

72

## বুয়েট স্থাপত্য বিভাগ

# ছাত্রছাত্রীদের সঙ্গে উপাচার্যের আলোচনা ভেঙে গেছে

## অনশন চলছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের অনশনরত ছাত্রছাত্রীদের সঙ্গে উপাচার্য অধ্যাপক নূরউদ্দিন আহমেদের দুই দফা আলোচনা ভেস্তে গেছে। উপাচার্যের দুই দফা প্রস্তাব প্রত্যাখ্যান করে ছাত্রছাত্রীরা অনশন কর্মসূচি অব্যাহত রেখেছে। অনশনের তৃতীয় দিন গতকাল বৃহস্পতিবার চার জন ছাত্রছাত্রী অসুস্থ হয়ে পড়ে।

স্থাপত্য বিভাগকে স্বতন্ত্র ইনস্টিটিউট ঘোষণার দাবিতে আমরণ অনশনরত ছাত্রছাত্রীদের গতকাল প্রথমবারের মতো উপাচার্য দেখতে যান। তিনি এ সময় ছাত্রছাত্রীদের ইনস্টিটিউট গঠন সম্পর্কিত কমিটিতে স্থাপত্য বিভাগের চারজন শিক্ষককে অন্তর্ভুক্ত করার সুপারিশ করবেন এবং স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা ভিন্ন রীতিতে নেওয়া যায় কিনা তা পুনর্মূল্যায়ন করার জন্য আরেকটি কমিটি করার কথা বলেন। এ সময় তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ওয়াহিদউদ্দিন মাহমুদ ও সালাউদ্দিন আহম্মেদ উপস্থিত ছিলেন।

এরপর ছাত্রছাত্রীদের ছয় জনের একটি প্রতিনিধি দলের সঙ্গে উপাচার্য আলোচনায় বসেন। উপাচার্য সন্ধ্যার পরে পুনরায় এসে তাদের একই প্রস্তাব দেন, কিন্তু ছাত্রছাত্রীরা তা মেনে নেয়নি। অনশনরতরা এক বিজ্ঞপ্তিতে জানায়, সন্ধ্যা সাড়ে ৭টায় উপাচার্য এবং সিনিয়র শিক্ষকরা পুনরায় ছাত্রছাত্রীদের অনশন প্রত্যাহারের জন্য বলেন এবং প্রধানমন্ত্রী ও চ্যান্সেলরের দেওয়া সিদ্ধান্ত তিনটি বিশ্ববিদ্যালয়ের কিছু সিনিয়র শিক্ষকের কাছে অগ্রহণযোগ্য বলে প্রকাশ করেন। তিনি বলেন, সেগুলোর বাস্তবায়নের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের কোনো দায়দায়িত্ব নেই বলে তারা মনে করেন। এর পরিপ্রেক্ষিতে ছাত্রছাত্রীরা তাদের আমরণ অনশন কর্মসূচি অব্যাহত রাখবে বলে সিদ্ধান্ত নেয়।

এদিকে, স্থপতি সমাজ উদ্ভূত পরিস্থিতির সমাধানের জন্য যথাযথ কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছে।